

# বৈশিষ্ট্য ইভেন্ট কাক

MAR. 23 2002

## স্কাউট সংক্রান্ত কোর্স

### ৬. অনুষ্ঠিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অধীনে ও বাংলাদেশ স্কাউটসের তত্ত্বাবধানে রাজশাহী আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত কোর্স পরিদর্শন করেন, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব ও বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (কাব, স্কাউটিং) মো: ফয়জুর রহমান (চৌধুরী)। ১১-১৮ মার্চ ২০০২ পর্যন্ত ৮ দিনব্যাপী কাব স্কাউটিং সম্পর্কীয় কোর্সে রাজশাহী বিভাগের বিভিন্ন উপজেলা থেকে ৪ জন মহিলাসহ মোট ৩৩ জন উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার অংশগ্রহণ করেন। কোর্স পরিদর্শনকালে অন্যদের মাঝে উপস্থিত ছিলেন রাজশাহী আঞ্চলিক স্কাউটসের সভাপতি ও রাজশাহী শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মো: নজরুল ইসলাম ও কাবিং সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক মো: দেলোয়ার হোসাইন এবং স্কাউটসের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

—প্রেস বিজ্ঞপ্তি